

ডাইরেই পেমেন্ট কাকে বলে?

ডাইরেই পেমেন্ট হচ্ছে, আপনার সোসাল সার্ভিস বিভাগ আপনাকে এই টাকা দিতে পারে যেটা আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন, তার যত্ন নেওয়ার জন্য যে সাহায্যের দরকার তার জন্য খরচা করতে পারেন।

আপনি সোসাল সার্ভিসের সঙ্গে যোগাযোগ করে ডাইরেই পেমেন্টের জন্য অনুরোধ করতে পারেন এবং তাদেরকে যত্ন নেওয়া/দেখাশোনা করার (carer) মূল্যায়নের জন্য বলতে পারেন। একজন সোসাল ওয়ার্কার আপনাকে দেখতে আসবেন এবং কি কি সাহায্যের প্রয়োজন সেটা নিয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন।

আপনি নিজে ঠিক করতে পারেন যে সোসাল সার্ভিস আপনাকে মূল্যায়ন করে, আপনার যে যে সাহায্যের প্রয়োজন আছে বলে স্বীকার করেছে, সেই সাহায্য আংশিক বা সম্পূর্ণ তারা প্রদান করবে কি না। তারা যে সাহায্য প্রদান করবে সেটা যদি আপনার প্রয়োজনের সঙ্গে খাপ না খায়, তাহলে আপনি তাদেরকে ডাইরেই পেমেন্ট দেওয়ার জন্য বলতে পারেন যাতে আপনি সেই টাকা দিয়ে আপনার প্রয়োজনীয় সাহায্য নিজে যোগাড় করতে পারেন।

দয়া করে এটা মনে রাখবেন যে ডাইরেই পেমেন্টের টাকা কেবলমাত্র আপনার প্রয়োজনীয় মূল্যায়িত সাহায্যের জন্যই খরচ করা যেতে পারে।